গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জামালপুর সদর, জামালপুর।
jamalpursadar.jamalpur.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৩৯৩৬.০০৫.০০০.০৭.০০১.২৬.৯০২ তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

**বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি।**

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছেন। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" অনুসারে দেশব্যাপী আগামী ১লা আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ লক্ষ্যে জামালপুর সদর উপজেলার তথ্য সংগ্রহের জন্য **তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার** নিয়োজিত করা হবে। উক্ত শুমারি কার্যক্রমে অস্থায়ীভাবে **তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার** হিসেবে যুক্ত হতে আগ্রহীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র:ম | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | **তথ্য সংগ্রকারী** | ক) নূন্যতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স ১৮-৪০ বছর (শুমারির তারিখে)<br>গ) ট্যাবলেট/স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদুর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা সরকারী সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর প্রাপ্তি<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি<br>গ) পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজের ছবি ১ কপি করে।<br>ঘ) অভিজ্ঞতার সনদ/প্রমাণক এর সত্যায়িত অনুলিপি (যদি থাকে)<br>ঙ) নাগরিকতার সনদ |

| ক্র:ম | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | **সুপারভাইজার** (প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১ জন) | ক) নুন্যতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+ নম্বর<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দল নেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগ দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেটে চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত করা।<br>ঙ)সমস্যা ও অভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষণিক জানানো। | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা সরকারী সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৮০% এর নিচে নম্বর প্রাপ্তি<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি<br>গ) পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজের ছবি ১ কপি করে।<br>ঘ) অভিজ্ঞতার সনদ/প্রমাণক এর সত্যায়িত অনুলিপি (যদি থাকে)<br>ঙ) নাগরিকতার সনদ |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান:** ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর সদর, জামালপুর এর ওয়েব সাইটে পাওয়া যাবে।লিংক: https://dss.jamalpursadar.jamalpur.gov.bd।



CamScanner

**আবেদন ফরম দাখিলের স্থান:** ক) উপজেলা সমাজসেবা কার্যালয় জামালপুর সদর, জামালপুর। (সরাসরি জমাদান)

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি:**

| ক্রম | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ০১ | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৪/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৪/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত | ২৫/০৭/২০২৬ খ্রি: সকাল ১১.০০ ঘটিকা |

**শর্তাবলী:**

১) তথ্য সংগ্রহকারীগণ জরিপ চলাকালীন নির্ধারিত এলাকায় বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২। ফ্যামিলি কার্ড জরিপ চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮(আট) ঘণ্টা তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত থাকতে হবে।
৩। তথ্যপ্রযুক্তি (ট্যাবলেট/স্মার্টফোন-ওয়েব অ্যাপ্লিকেশন) ব্যবহারে দক্ষ হতে হবে।
৪। তথ্য সংগ্রহের ক্ষেত্রে কোনো ধরনের গাফিলতি বা অবহেলা করা যাবে না।
৫। কোনো অবস্থাতেই ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান বা তথ্য বিকৃত করা যাবে না।
৬। সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষায় সর্বোচ্চ দায়িত্বশীল ও দায়বদ্ধ থাকতে হবে।
৭। ট্যাবলেট যথাসময়ে চার্জ করতে হবে। অবহেলা বা অসতর্কতার কারণে ট্যাবলেট ক্ষতিগ্রস্ত হলে বিধি মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করতে হবে।
৮। কোনো পরিবারের ফ্যামিলি কার্ড প্রাপ্তি বা অপ্রাপ্তির বিষয়ে কোনো প্রকার অর্থ লেনদেন, সুপারিশ বা প্রভাব বিস্তার সম্পূর্ণ নিষিদ্ধ।
৯। ইচ্ছাকৃত ভুল তথ্য প্রদান, তথ্য গোপন, তথ্য বিকৃতি বা দায়িত্ব পালনে গুরুতর অবহেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তিতে উল্লিখিত যেকোনো শর্ত, সময়সূচি বা কার্যক্রম সংশোধন, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

21.7.26

(নাজনীন আখতার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
জামালপুর সদর, জামালপুর
ইমেইল: unojamalpursadar@mopa.gov.bd

স্মারক নং-৪১.০১.৩৯৩৬.০০০.০০০.০৭.০০০১.২৬.২০৫

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য,জামালপুর-০৫।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। পরিচালক (সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৪। পরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর।
৭। অফিসার ইনচার্জ, জামালপুর সদর থানা, জামালপুর।
৮। সদস্য ..............................ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি,জামালপুর সদর, জামালপুর।
৯। জনাব,...................................................................;
১০। অফিস কপি।

21.07.26

(মোঃ শাহাদৎ হোসেন)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
জামালপুর সদর, জামালপুর।
+৮৮০২৯৯৭৭৭২১৩৯



CamScanner